



বাস্তবায়িত করেছেন অসম সরকার এবং ভারত সরকার

HDFC
ERGO

প্রধানমন্ত্রী
ফসল বিমা योजना
(পিএমএফবিওয়াই)

শস্য বীমা পান, নিরাপত্তা কভার পান



প্রধানমন্ত্রী ফসল বীমা योजना (পি.এম.এফ.বি.ওয়াই.)-এর উদ্দেশ্য হল ইন্স্যুরেন্সের সুরক্ষা প্রদান করা এবং প্রাকৃতিক বিপর্যয় পোকামাকড়ের আক্রমণ বা অত্যাধিক কোন ঘটনার ফলে ফসলের ক্ষয়ক্ষতি বা উৎপাদন ব্যর্থ হলে কৃষকদের আর্থিক সহযোগিতা প্রদান করা এভাবে এই যোজনাটি কৃষকদের অর্থনৈতিক স্থিতিতা প্রদান করে এবং সুনিশ্চিতভাবে ক্রমাগত তাদের উদ্ভাবনমূলক এবং আধুনিক কৃষিকার্যে অনুশীলনে উৎসাহ প্রদান করে।

কারা এই যোজনার মাধ্যমে লাভবান হবেন :

সমস্ত কৃষকরা, যেখানে অন্তর্ভুক্ত রয়েছে ভাগচাষী এবং বর্গাদার কৃষক, যারা উল্লেখিত অঞ্চলে নির্দিষ্ট ফসলের চাষ করেন, তারা কভারেজের যোগ্য বলে বিবেচিত হবেন। এই যোজনাটি সমস্ত কৃষকদের জন্য স্বেচ্ছাধীন করা হয়েছে। সমস্ত কৃষকগণ যার প্লাতু অনুসারে কৃষিকার্য পরিচালনার জন্য ফিন্যান্সিয়াল ইনস্টিটিউশন যেমন কোপারেটিভ ব্যাঙ্ক, কমার্শিয়াল ব্যাঙ্ক, প্রাইভেট ব্যাঙ্ক ইত্যাদি থেকে লোন নিয়েছেন, অর্থাৎ যারা ঋণগ্রহণকারী কৃষক এবং যারা “কাট অফ ডেটের” সাত দিনের মধ্যে যোজনায় অন্তর্ভুক্ত না হওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেননি, তারা তাদের আর্থিক সংস্থা দ্বারা এই যোজনায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য বিবেচিত হবেন।

বীমা করা আসলে কি?


নিম্নলিখিত ঝুঁকিগুলি থেকে ফসল এর ক্ষতির সম্ভাবনা যোজনার আওতায় আসে :

বপন বা রোপণ বিফলতার কভারেজ : বৃষ্টির অভাবে বা প্রতিকূল আবহাওয়ার কারণে বীমাকৃত অঞ্চলে বপন / রোপণ প্রতিহত হওয়ার ঝুঁকি গুলি থেকে এই যোজনা সুরক্ষা প্রদান করে।

স্থায়ী ফসলের ক্ষতির কভারেজ (বপন থেকে ফসল কাটা) : কোনো অপ্রতিরোধ্য ব্যাপক ঝুঁকির ক্ষেত্রে বীমাকৃত অঞ্চলে বীমাকৃত স্থায়ী ফসলের বপন থেকে ফসল কাটা পর্যন্ত ক্ষয়ক্ষতির জন্য ইন্স্যুরেন্স কভারেজ প্রদান করা হয়। তবে প্রকৃত ক্ষয়ক্ষতির হিসাব করা হবে রাজ্য সরকার দ্বারা পরিচালিত “ক্রপ কাটিং এক্সপেরিমেন্ট” এর দ্বারা।

ফসল কাটার পরবর্তী ক্ষয়ক্ষতির কভারেজ : ফসল কাটার পর ১৪ (চৌদ্দ) দিন সময়সীমার মধ্যে যখন ফসল জমিতে শুকানোর জন্য ছড়িয়ে দেওয়া হয় তখন শিলাবৃষ্টি, সাইক্লোনিক বৃষ্টি, বা অসময়ের বৃষ্টিতে যদি ফসল ক্ষতিগ্রস্ত হয় তা বীমার আওতায় কভার করা হয়।

স্থানীয় বিপর্যয়ের কভারেজ : কোন স্থানীয় বিপর্যয় যেমন স্থানীয় শিলাবৃষ্টি, ধ্বস এবং প্রাকৃতিক আগুনে কোন নির্দিষ্ট কৃষকের কৃষিক্ষেত্রে ফসলের ক্ষতি হয় তা বীমার আওতায় কভার করা হয়। ক্লেইম এর দাবি জানানোর জন্য বিপদগ্রস্ত কৃষককে বিপর্যয়ের ৭২ ঘণ্টার মধ্যে সরাসরি ইন্স্যুরেন্স কোম্পানির টোল ফ্রি নাম্বার-এ কল করে বা সংশ্লিষ্ট ব্যাঙ্ক, স্থানীয় কৃষি বিভাগ, জেলা আধিকারিককে জানাতে হবে।



প্রকল্পে কৃষকদের নাম নথিভুক্ত করার জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট:

- এই প্রকল্পে কৃষকদের তালিকাভুক্তির জন্য আধার বাধ্যতামূলক।
- ব্যাঙ্ক পাসবুকের ফটোকপি যেখানে IFSC নম্বর এবং একাউন্ট নম্বর লেখা থাকে বা বাতিল চেকের (Cancelled Cheque) ফটোকপি
- রাজ্যে বিদ্যমান জমির রেকর্ডের প্রয়োজনীয় ডকুমেন্টারি প্রমাণ অধিকারের রেকর্ড (RoR), জমির দখলের শংসাপত্র (LPC) বা প্রযোজ্য চুক্তি/ চুক্তির বিশদ / ভূমি রাজস্ব রশিদ / গ্রামের প্রধান বা গাঁও-বুরাহ দ্বারা জারি করা শংসাপত্র / রাজ্য সরকার দ্বারা অনুমোদিত পত্র যা জমির উপর স্পষ্ট অ-বিতর্কিত দখল দেখায়।
- স্পষ্ট দখলপত্রক জমির অনুপলব্ধতার ক্ষেত্রে, উপরে উল্লিখিত জমির নথিগুলির সাথে একটি স্ব-ঘোষণা (Self Declaration) কপি সংযুক্ত করতে হবে।
- ভাগচাষীর ক্ষেত্রে, জমির মালিকের ৩ নম্বর পয়েন্টে উল্লিখিত যে কোনও জমির দলিলের সাথে একটি স্ব-ঘোষণা অনুলিপি (Self Declaration) সংযুক্ত করতে হবে এবং জমির মালিক কর্তৃক স্বাক্ষর করতে হবে।

কভারেজ এবং ক্রেমের জন্য পূর্বশর্তাবলি

বহু বিস্তৃত বিপর্যয় (ঋতু শেষের ফসলের ভিত্তিতে): অঞ্চলগুলিতে ক্রেইম বা দাবীর বন্দোবস্ত নেওয়া হবে প্রস্তাবের ভিত্তিতে। ফসলের আসল ঘাটতি হিসাব করা হবে ইন্সুরেন্স ইউনিট স্তরে নির্ধারিত গ্যারান্টিড ফসল এবং রাজ্য সরকারের মাধ্যমে পরিচালিত “ক্রপ কাটিং” এক্সপেরিমেন্টের বর্তমান ঋতুর ফসল-এর তফাৎ-এর মাধ্যমে। সেই অনুসারে ক্রেইমের বন্দোবস্ত করা হবে।

ফসলের মধ্যকালীন বিপর্যয়ের ফলে ক্ষয়ক্ষতি: এটি প্রযোজ্য হবে যখন প্রতিকূল মৌসুমের কারণে প্রভাবিত ফসলের সম্ভাব্য উৎপাদন বর্তমান ঋতুর স্বাভাবিক ফসলের উৎপাদন থেকে ৫০%-এর কম হয়। ক্ষতিগ্রস্ত ইন্সুরেন্স ইউনিটের একটি নির্দিষ্ট ফসল বা ফসলের ক্ষতি পূরণের ক্রেইম চাওয়া হয় রাজ্য সরকারের বিজ্ঞপ্তির মাধ্যমে এবং প্রক্সি সূচক (রেইনফল ডাটা বিভিন্ন ওয়েদার ডাটা এবং স্যাটেলাইট ইমেজ)-এর মাধ্যমে। স্বাভাবিক ফসল তোলার তারিখের ১৫ দিন আগে যদি কোনো প্রতিকূলতা দেখা দেয় তখন ক্রেইম করা যাবে না। বিধানটি প্রয়োগ হওয়ার পরে বীমাকৃত রাশির ২৫% প্রদেয় হবে। চূড়ান্ত দাবি সমন্বয়ের সাপেক্ষে

বপন / রোপন প্রতিহত হলে বা ব্যর্থ হলে এবং অক্ষুরিত হওয়া প্রতিহত হলে ক্রেইম: অনাবৃষ্টি বা প্রতিকূল আবহাওয়ার কারণে অধিসূচিত এলাকার ৭৫% রোপিত এলাকায় রোপন / বপন বা অক্ষুরিত হওয়া প্রতিহত হলে ওই অধিসূচিত এলাকার সকল বীমাকৃত কৃষক বীমা রাশির ২৫% ক্ষতিপূরণ হিসেবে পাবেন। এক্ষেত্রে রাজ্য সরকারের তরফে বিজ্ঞপ্তির ভিত্তিতে বিধান চাওয়া হবে। বিধানটি ঘোষিত হবে নথিমুক্ত হওয়ার নির্দিষ্ট তারিখের ১৫ দিনের মধ্যে রাজ্য সরকার এর দ্বারা। বিধানটি চাওয়া হলে ৩০ দিনের মধ্যে ক্রেইম বা দাবির বন্দোবস্ত করা হবে ভর্তুকি প্রাপ্ত হওয়া সাপেক্ষে।

ফসল কাটার পরবর্তী ক্ষয়ক্ষতি এবং আঞ্চলিক বিপর্যয়: এই ক্ষেত্রে উৎপাদনের ক্ষয়ক্ষতির মূল্যায়ন করা হবে ব্যক্তিগত প্লটের ভিত্তিতে। বীমাকৃত কৃষক যেন বিপর্যয়ের ৭২ ঘণ্টার মধ্যে খবর করেন। দাগ নম্বর অনুসারে বীমাকৃত এবং প্রভাবিত ক্ষেত্রের পরিমাণ বিশদভাবে জানাতে হবে। ডকুমেন্ট প্রমাণ অনুসারে একটি ক্রেইম ফর্ম সম্পূর্ণ ভর্তি করে ৭ (সাত) দিনের মধ্যে জমা করতে হবে।

প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা অধীনে বিজ্ঞাপিত ফসলের বিবরণ, বীমাকৃত রাশি এবং প্রিমিয়ামের হার নিচে দেওয়া হল:

ঋতু	জেলা	নির্দেশিত ফসল	সাম ইন্সিওর্ড (টা./হেক্টর)	কৃষকের শেয়ার প্রিমিয়াম (টা.)	আবেদনপত্র জমা করার শেষ দিন	মন্তব্য
খারিফ ২০২৪	কাছার	শালি ধান	67920	2%	31শে জুলাই 2024	১ই অক্টোবর পর্যন্ত সর্বোচ্চ ১০০টাকা, কৃষকের বাকি প্রিমিয়াম রাজ্য সরকার বহন করবে
	লখিমপুর	শালি ধান	67920	2%	31শে জুলাই 2024	
		কলাইয়ের ডাল	40754	1.60%	10ই সেপ্টেম্বর 2024	
	তিনসুকিয়া	শালি ধান	67920	2%	31শে জুলাই 2024	
	উদালগুড়ি	শালি ধান	67920	2%	31শে জুলাই 2024	
		পাট	59,445	4%	15ই মে 2024	

Email id: pmfby.assam@hdfcergo.com

যোজনা সম্পর্কে আরও তথ্য জানতে, অনুগ্রহ করে কল করুন: টোল ফ্রী নং: ১৪৪৪৭

অ-ঋণগ্রহণকারী কৃষক তাঁর ফসলের ইন্সিওর করতে পারবেন নিকটবর্তী আর্থিক সংস্থার মাধ্যমে বনাম রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্ক, কো-অপারেটিভ ব্যাঙ্ক, প্রাইমারী অ্যাগ্রিকালচার কো-অপারেটিভ সোসাইটি (পিএসিএস), রিজিওনাল রুরাল ব্যাঙ্ক / ইন্সিওরেন্স মধ্যস্থতাকারী / কমন সার্ভিস সেন্টার (সিএসসি) / সেলফ এনরোলমেন্ট-এ ওয়েবসাইট লিঙ্কের মাধ্যমে: <https://pmfby.gov.in/farmerLogin>

